



## আজ খুলনা ও যশোরে নির্বাচনী প্রচারে যাচ্ছেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দুই গুরুত্বপূর্ণ শহর খুলনা ও যশোরে নির্বাচনী জনসভায় অংশ নিতে আজ সফরে যাচ্ছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

সোমবার (২ ফেব্রুয়ারি) সকাল ১১টায় ঢাকা থেকে হেলিকপ্টারযোগে খুলনার উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে তার। দুপুর ১২টায় খুলনা সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ সংলগ্ন প্রভাতী স্কুল মাঠে আয়োজিত জনসভায় তিনি বক্তব্য রাখবেন।

দলীয় চেয়ারম্যানের এই সফরকে কেন্দ্র করে রোববার দুপুরে খুলনা নগরের একটি হোটেলে মহানগর ও জেলা বিএনপির উদ্যোগে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। সেখানে জানানো হয়, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার মোট ১৪ জন প্রার্থীকে এই জনসভায় ভোটারদের সামনে পরিচয় করিয়ে দেবেন তারেক রহমান।

খুলনার কর্মসূচি শেষ করে দুপুর ১টায় হেলিকপ্টারে যশোরের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে তার। দুপুর ১টা ৪০ মিনিটে যশোর নতুন উপশহরের বিরামপুর আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে দ্বিতীয় জনসভায় অংশ নেবেন তিনি।

জেলা বিএনপির নেতারা আশা করছেন, যশোরে এটি তারেক রহমানের প্রথম জনসভা হিসেবে বড় সমাবেশে পরিণত হতে পারে। কর্মসূচি শেষে হেলিকপ্টারযোগে ঢাকায় ফেরার কথা রয়েছে তার।

এর আগে নির্বাচনী প্রচারে তিনি সিলেট, চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগে জনসভা করেছেন। পরবর্তী পর্যায়ে বরিশালে জনসভা করার পরিকল্পনাও রয়েছে।